

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)
ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন (ডিপিএড) বোর্ড
ময়মনসিংহ

স্মারক নং- ৩৮.৪১৮.০০.০০.০২৭.২০১০.১৩৫


তারিখ: ০৫ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ।
২০ ডিসেম্বর, ২০২১ খ্রি:।

বিষয়: ডিপিএড চূড়ান্ত লিখিত পরীক্ষা ২০২১ এর অনিয়মিত পরীক্ষার্থীদের ফরম পূরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিশ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিপিএড চূড়ান্ত লিখিত পরীক্ষা, ২০২১ এ অংশগ্রহণকারী অনিয়মিত পরীক্ষার্থীগণকে নেপ এর ওয়েবসাইটের (www.nape.gov.bd) মাধ্যমে অনলাইনে ফরম পূরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শর্তাবলী:

- নেপ এর ওয়েব সাইটে (www.nape.gov.bd) প্রবেশ করে ডিপিএড (DPEd) মেনুতে ক্লিক করে “ডিপিএড ফরম ফিলপ” (DPEd Form Fill up) সাব মেনুতে ক্লিক করলে ফরমটি দৃশ্যমান হবে।
- প্রশিক্ষণার্থীগণ স্ব স্ব রেজিস্ট্রেশন নম্বর (Registration Number) এন্ট্রি করে সাবমিট করলে পূরণকৃত ফরম ডাউনলোড হবে।
- প্রশিক্ষণার্থীগণ ডাউনলোডকৃত ফরমটির হার্ড কপি সংশ্লিষ্ট পিটিআই এ জমা দিয়ে পরীক্ষার ফি বাবদ মাথাপিছু ২৬০০/- (দুই হাজার ছয়শত) টাকা পরিশোধপূর্বক টাকা জমাদানের রশিদ গ্রহণ করবেন।
- সংশ্লিষ্ট পিটিআই কর্তৃপক্ষ ডিপিএড (DPEd) অনলাইন সফটওয়্যারে Paid বাটনে ক্লিক করে ফি পরিশোধ নিশ্চিত করবেন।
- পিটিআই ফি পরিশোধ নিশ্চিত করার পর প্রশিক্ষণার্থী (মোবাইল ফোনে) একটি এসএমএস পাবেন।
- কনফারমেশন এসএমএস পাওয়ার পর নেপ ওয়েবসাইটে ডিপিএড মেনু থেকে প্রবেশপত্র (Admit Card) সাবমেনুতে ক্লিক করে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড করা যাবে।
- সংশ্লিষ্ট পিটিআই পরীক্ষার ফি বাবদ মাথাপিছু ১৬০০/- (এক হাজার ছয়শত) টাকা হারে ‘চেয়ারম্যান, ডিপিএড বোর্ড, নেপ ময়মনসিংহ’ এর নামে পে-অর্ডারের মাধ্যমে প্রেরণ করবেন এবং পিটিআই কেন্দ্র ফি বাবদ পরীক্ষার্থী প্রতি ১০০০/- (এক হাজার) টাকা হারে পিটিআই সুপারিনটেনডেন্ট নীতিমালা অনুযায়ী ব্যয় করবেন।
- ফরম পূরণের সময়সীমা ২১ ডিসেম্বর, ২০২১ হতে ২৬ ডিসেম্বর, ২০২১ খ্রি:।
- এক্ষেত্রে কোন টেকনিক্যাল সমস্যার সম্মুখীন হলে জনাব দিলীপ কুমার সরকার, প্রোগ্রামার নেপ, ময়মনসিংহ (মোবাইল নম্বর: ০১৭১৮-২৯৭১২১) অথবা জনাব সামির আসিফ শুভ, মোবাইল নম্বর- ০১৬৮৫-৯৫৬৮৯৮ এর সাথে (সকাল ০৯.০০ হতে বিকেল ০৫.০০ টা পর্যন্ত) যোগাযোগ করা যেতে পারে। প্রয়োজনে prognape21@gmail.com এ সমস্যা উল্লেখ করে ই-মেইল প্রেরণ করতে পারবেন।


(শাহনাজ নূরুন নাহার)
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন: ০৯১-৬৫৭৯২

সুপারিনটেনডেন্ট (সকল)

..... পিটিআই।